গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পানি সম্পদ মন্ত্রণালয়
পানি সম্পদ পরিকল্পনা সংস্থা
৭২ গ্রীন রোড, ঢাকা-১২১৫
www.warpo.gov.bd

নম্বর: ৪২.০২.০০০০.০০৩.১৬.০০৬.১৮.৩

তারিখ: ২৯ জ্যৈষ্ঠ ১৪৩০ বঙ্গাব্দ
১২ জুন ২০২৩ খ্রিস্টাব্দ

**বিজ্ঞপ্তি/নোটিশ**

**বিষয়: অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সভা আয়োজন।**

বাংলাদেশ পানি আইন, ২০১৩ এবং বাংলাদেশ পানি বিধিমালা, ২০১৮ এর আলোকে পানি সম্পদ ব্যবস্থাপনা ও উন্নয়ন নিশ্চিতকরণ একটি অগ্রাধিকার কাজ হিসেবে বিবেচিত। উক্ত আইন ও বিধিমালাতে বর্ণিত জেলা/উপজেলা/ ইউনিয়ন সমন্বিত পানি সম্পদ ব্যবস্থাপনা কমিটির কার্যপরিধি অনুযায়ী ওয়ারপো কর্তৃক প্রদত্ত প্রকল্প ছাড়পত্র, ভূগর্ভস্থ পানি উত্তোলনের অনাপত্তিপত্র এবং ওয়ারপোর প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধি ও বিদ্যমান প্রবিধিমালা সম্পর্কে আগামী ১৫ জুন, ২০২৩ খ্রি: বৃহস্পতিবার সকাল ১০:০০ ঘটিকায় অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সভা ওয়ারপো'র মহাপরিচালক মহোদয়ের সভাপতিত্বে ওয়ারপো সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হবে।

০২। উক্ত অবহিতকরণ সভায় সকলকে যথাসময় উপস্থিত থাকতে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

১২-০৬-২০২৩
এসএম শাহাব উদ্দিন মাহমুদ
সচিব
৪৪৮১৯০০৪ (ফোন)
sec@warpo.gov.bd

বিতরণ জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। মহাপরিচালক, মহাপরিচালক-এর দপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (একজন উপযুক্ত প্রতিনিধি প্রেরণের অনুরোধসহ);
২। মহাপরিচালক, মহাপরিচালক এর দপ্তর, বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তর (একজন উপযুক্ত প্রতিনিধি প্রেরণের অনুরোধসহ);
৩। মহাপরিচালক, মহাপরিচালক এর দপ্তর, নদী গবেষণা ইনস্টিটিউট (একজন উপযুক্ত প্রতিনিধি প্রেরণের অনুরোধসহ);
৪। সদস্য, সদস্য এর দপ্তর, যৌথ নদী কমিশন, বাংলাদেশ (একজন উপযুক্ত প্রতিনিধি প্রেরণের অনুরোধসহ);
৫। পরিচালক (পরিকল্পনা), পরিচালক-১ এর দপ্তর, পানি সম্পদ পরিকল্পনা সংস্থা;
৬। পরিচালক (কারিগরী), পরিচালক-২ এর দপ্তর, পানি সম্পদ পরিকল্পনা সংস্থা;
৭। প্রধান প্রকৌশলী, খুলনা ২২৫ মেঃওঃ কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্র, নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিমিটেড (একজন উপযুক্ত প্রতিনিধি প্রেরণের অনুরোধসহ);
৮। ব্যবস্থাপনা পরিচালক, ব্যবস্থাপনা পরিচালক এর দপ্তর, বি-আর পাওয়ারজেন লিমিটেড (একজন উপযুক্ত প্রতিনিধি প্রেরণের অনুরোধসহ);
৯। ব্যবস্থাপনা পরিচালক, ঘোড়াশাল ইউরিয়া সারকারখানা, ঘোড়াশাল, নরসিংদি (একজন উপযুক্ত প্রতিনিধি প্রেরণের অনুরোধসহ);
১০। ঊর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা (প্রোগ্রামার), কম্পিউটার ও তথ্য শাখা, পানি সম্পদ পরিকল্পনা সংস্থা (ওয়ারপোর ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ);
১১। কর্মকর্তা (সকল), ওয়ারপো;
১২। একান্ত সচিব, মহাপরিচালকের দপ্তর, পানি সম্পদ পরিকল্পনা সংস্থা;
১৩। ড্রাফটসম্যান (গ্রেড সি এন্ড ডি), প্রশাসন শাখা, পানি সম্পদ পরিকল্পনা সংস্থা এবং
১৪। উচ্চমান সহকারী, প্রশাসন শাখা, পানি সম্পদ পরিকল্পনা সংস্থা।

# পানি সম্পদ পরিকল্পনা সংস্থা (ওয়ারপো) এর অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা বিষয় স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সভার কার্যবিবরণী

সভাপতি : মহাপরিচালক, ওয়ারপো
সভার তারিখ : ১৫/০৬/২০২৩ খ্রিস্টাব্দ
সময় : সকাল ১০:০০ ঘটিকা
স্থান : ওয়ারপোর সম্মেলন কক্ষ

উপস্থিতি: সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট 'ক' তে সংযুক্ত করা হলো।

সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কাজ শুরু করেন। অতঃপর আলোচ্যসূচি অনুযায়ী উপস্থাপনের জন্য পরিচালক (কারিগরী) ও আহবায়ক, অভিযোগ নিষ্পত্তি কমিটি-কে অনুরোধ জানান। শুরুতে তিনি বাংলাদেশ পানি আইন, ২০১৩; বাংলাদেশ পানি বিধিমালা, ২০১৮ এবং বিধিমালায় উল্লেখিত জেলা/উপজেলা/ইউনিয়ন সমন্বিত পানি সম্পদ ব্যবস্থাপনা কমিটির কার্যপরিধি, ওয়ারপো কর্তৃক প্রদত্ত প্রকল্প ছাড়পত্র, ভূগর্ভস্থ পানি উত্তোলনের অনাপত্তিপত্র গ্রহণের অনলাইন সিস্টেমের উপর একটি উপস্থাপনা প্রদান করেন। উপস্থাপনা শেষে সভায় নিম্নবর্ণিত বিষয়সমূহের ওপর বিস্তারিত আলোচনা হয় ও সর্বসম্মতিক্রমে সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

| ক্রমিক | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ১. | জনাব মোঃ আসাদুর রহমান খান, নির্বাহী প্রকৌশলী (পিএন্ডডি), বি-আর পাওয়ারজেন লিমিটেড প্রশ্ন করেন যে, পাওয়ার প্ল্যান্টগুলোতে পানি উত্তোলনের ক্ষেত্রে সকল পর্যায়ে অনাপত্তি পত্র বা ছাড়পত্র নিতে হবে কিনা।<br><br>উক্ত প্রশ্নের জবাবে ওয়ারপোর মহাপরিচালক মহোদয় জানান যে, প্রকল্পের কাজে পানি (ভূ-পরিস্থ ও ভূগর্ভস্থ) উত্তোলনের ক্ষেত্রে ওয়ারপোর ছাড়পত্র গ্রহণ আবশ্যক। কিন্তু পাওয়ার প্ল্যান্টগুলোতে প্রকল্প ব্যাতিরেকে স্বাভাবিকভাবে যে ভূগর্ভস্থ পানি উত্তোলন করা হয় তার জন্য অনাপত্তি পত্র (NOC) গ্রহণ করলেই বিধিসম্মত হবে। | প্রকল্পের ছাড়পত্র, ভূগর্ভস্থ পানি উত্তোলনের অনাপত্তিপত্র গ্রহণের অনলাইন সিস্টেমের উপর মতামত যাচাই-বাছাই পূর্বক সংযোজন-বিয়োজন করতে হবে। | পিএসও (সকল) ও সচিব, প্রশাসন শাখা |
| ২. | জনাব মাসহুদা পারভীন, উপ-ব্যবস্থাপক (পরিবেশ, হেল্‌থ এন্ড সেফটি), নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিমিটেড বলেন, পাওয়ার প্ল্যান্টগুলোতে নির্মাণ পর্যায়ে যে অনাপত্তি পত্র (NOC) গ্রহণ করতে হয় তার মেয়াদ বা বৈধতা কতদিনের জন্য প্রযোজ্য, যেহেতু পাওয়ার প্ল্যান্টগুলোর নির্মাণ পর্যায়ে দুই বছরের কম সময়ে পানি উত্তোলন করতে হয়, সেক্ষেত্রে অনাপত্তি পত্র প্রদানের নিয়ম কী।<br><br>সংশ্লিষ্ট বিষয়ে আলোকপাতপূর্বক ওয়ারপোর মহাপরিচালক মহোদয় জানান যে- যেকোন সময়ের জন্যই অনাপত্তি পত্র গ্রহন করা যাবে, সেটা সর্বোচ্চ দুই বছরের জন্য প্রদান করা হয়। | অনলাইন টুলসটি আরও নাগরিক বান্ধবকরণ ও একটি হটলাইন নম্বর চালুর উদ্দেশ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত হয়। | প্রশাসন শাখা<br>পিএসও (আইটি) |

| ক্রমিক | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায় |
|---|---|---|---|
| | জনাব মাসহুদা পারভীন আরও উল্লেখ করেন যে, অনাপত্তি পত্র বা ছাড়পত্র গ্রহণের ক্ষেত্রে অনলাইনে আবেদন পরবর্তী স্ট্যাটাস/ফিডব্যাক জানার কোন উপায় আছে কিনা। সেক্ষেত্রে একটি হটলাইন নম্বর চালু করা যেতে পারে।<br><br>পরবর্তীতে মহাপরিচালক, ওয়ারপো মহোদয়ের নির্দেশক্রমে ওয়ারপোর মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা (কম্পিউটার ও তথ্য) প্রকল্পের ছাড়পত্র ও ভূগর্ভস্থ পানি উত্তোলনের অনাপত্তিপত্র গ্রহণের অনলাইন সিস্টেমের উপর একটি উপস্থাপনা প্রদান করেন। | | মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা (কম্পি. ও তথ্য) |
| ৩. | জনাব মোঃ ফজলুল হক, কেমিস্ট, ইউরিয়া ফার্টিলাইজার ফ্যাক্টরী লিমিটেড, ঘোড়াশাল, পলাস, নরসিংদী বলেন- সার কারখানাগুলোতে ভূ-পরিস্থ পানির ব্যবহারই অধিক, ভূগর্ভস্থ পানি উত্তোলন জরুরী নয়; সেক্ষেত্রে একবার অনাপত্তি পত্র (NOC) গ্রহণ সাপেক্ষে কার্যক্রম চালানো যাবে কিনা।<br><br>উক্ত জিজ্ঞাসার আলোকে ওয়ারপোর মহাপরিচালক মহোদয় জানান যে- সেক্ষেত্রে শুধুমাত্র অনাপত্তি পত্র (NOC) গ্রহন সাপেক্ষে কার্যক্রম চালানো যাবে কিন্তু প্রতি দু' বছর অন্তর অন্তর তা নবায়ন করা আবশ্যক।<br><br>জনাব মোঃ ফজলুল হক আরও মত প্রকাশ করেন যে, দেশে অধিকাংশ মানুষ এখনও ওয়ারপো'র কার্যপরিধি সম্পর্কে অবগত নন, বিষয়গুলো জনগণকে অবহিত করা প্রয়োজন। | পরবর্তীতে অন্যান্য বিদ্যুৎ ও সার কারখানা সমূহকে আমন্ত্রণের মাধ্যমে পর্যায়ক্রমে দেশের সংশ্লিষ্ট সকল সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠানকে অবগত করার জন্য বলা হয় | মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা (পরিবীক্ষণ ও মূল্যায়ন)<br><br>মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা (পানি সম্পদ) |
| ৪. | সভায় পানি সম্পদ পরিকল্পনা সংস্থার প্রবিধান সংশোধনের নিমিত্ত প্রস্তুতকৃৎ খসড়া প্রবিধান (সংশোধিত) উপস্থাপন করা হয়। উক্ত সংশোধনের আলোকে সকলেই মতামত প্রদান করেন। | পরবর্তী সকল সভার শেষভাগে কিছুসময় উক্ত খসড়া প্রবিধান (সংশোধিত) এর ওপর আলোচনা ও মতামত গ্রহণের কার্যক্রম জারি থাকবে। | প্রবিধান সংশোধনে নিমিত্ত গঠিত কমিটি |

R.W
২৪/০৬/২০২৩

(মোঃ রেজাউল মাকছুদ জাহেদী)
মহাপরিচালক

ফোন: ৪৪৮১৯০০৬
ই-মেইল: dg@warpo.gov.bd

স্মারক নং-৪২.০২.০০০০.০০৩.১৬.০০৪.১৮- ৮৫৮

তারিখ: আষাঢ় ১৪৩০ বঙ্গাব্দ
জুন ২০২৩ খ্রিষ্টাব্দ

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। মহাপরিচালক, মহাপরিচালক এর দপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, ঢাকা।
২। মহাপরিচালক, মহাপরিচালকের দপ্তর, বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
৩। মহাপরিচালক, মহাপরিচালকের দপ্তর, নদী গবেষণা ইনস্টিটিউট।
৪। সদস্য, সদস্য এর দপ্তর, যৌথ নদী কমিশন, বাংলাদেশ।
৫। পরিচালক (পরিকল্পনা), ওয়ারপো, ঢাকা।
৬। পরিচালক (কারিগরী), ওয়ারপো, ঢাকা।
৭। প্রধান প্রকৌশলী, খুলনা ২২৫ মেঃওঃ কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্র, নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানী লিমিটেড।
৮। ব্যবস্থাপনা পরিচালক, ব্যবস্থাপনা পরিচালক এর দপ্তর, বি-আর পাওয়ারজেন লিমিটেড।
৯। ব্যবস্থাপনা পরিচালক, ঘোড়াশাল ইউরিয়া সারকারখানা, ঘোড়াশাল, নরসিংদি।
১০। উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা (প্রোগ্রামার), কম্পিউটার ও তথ্য শাখা, ওয়ারপো, ঢাকা (ওয়ারপোর ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
১১। কর্মকর্তা (সকল), ওয়ারপো, ঢাকা।
১২। একান্ত সচিব, মহাপরিচালকের দপ্তর, ওয়ারপো, ঢাকা।

২৫/০৬/২০২৩

(এস এম শাহাব উদ্দিন মাহমুদ)
সচিব, ওয়ারপো
ফোন: ৪৪৮১৯০০৪
sec@warpo.gov.bd